



# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৪৫৮

তারিখ: ১০/০৭/২০১৬

**২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন এবং শিক্ষার্থীদের ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে যে সকল কলেজ যথাসময়ে প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারেনি সে সকল কলেজকে ১৩ জুলাই ২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে ১৬ জুলাই ২০১৬ তারিখ রাত ১২টার মধ্যে প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে হবে। প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীরা আগামী ১৪ জুলাই ২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে ১৭ জুলাই ২০১৬ তারিখ রাত ১২টা পর্যন্ত ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপে অনলাইনে আবেদন করতে পারবে।

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে যে সকল শিক্ষার্থী ক) ১ম/২য় মেধা তালিকায়/১ম ও ২য় রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থান পায়নি অথবা স্থান পেয়েও ভর্তি হয়নি খ) ভর্তি বাতিল করেছে গ) যে সকল শিক্ষার্থীর প্রাথমিক আবেদন কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়েছে, সে সকল শিক্ষার্থীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, নতুন করে কোন শিক্ষার্থী প্রাথমিক আবেদন করতে পারবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [admissions.nu.edu.bd](http://admissions.nu.edu.bd)) লিঙ্কে গিয়ে এ সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

**২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন এবং ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে**

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	যে সকল কলেজ নির্দিষ্ট তারিখের মধ্যে প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারেনি সে সকল কলেজের জন্য প্রাথমিক আবেদন নিশ্চয়ন করার নতুন তারিখ এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে <a href="#">Application Approval (Deg. P.)</a> অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে।	১৩/০৭/২০১৬ থেকে ১৬/০৭/২০১৬
খ)	২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপের অনলাইন আবেদনের তারিখ ◆ ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে ( <a href="http://www.nu.edu.bd/admissions">www.nu.edu.bd/admissions</a> অথবা <a href="http://admissions.nu.edu.bd">admissions.nu.edu.bd</a> ) <a href="#">Degree Pass</a> Tab Select করে <a href="#">Applicant Login</a> অপশনে ক্লিক করতে হবে এবং website-এ প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ◆ ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপে আবেদনের ক্ষেত্রে <a href="#">College Selection</a> অপশনে গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ Select করলে ঐ কলেজে কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার Eligible কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার Eligible কোর্স থেকে নতুন করে কলেজ পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী <b>সর্বোচ্চ পাঁচটি কলেজে</b> পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে পারবে। ◆ ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না। ◆ ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	১৪/০৭/২০১৬ থেকে ১৭/০৭/২০১৬
গ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফি'র নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ [সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে <a href="#">Application Payment Info (Degree Pass)</a> অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	১৯/০৭/২০১৬ থেকে ২১/০৭/২০১৬
ঘ)	৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ ◆ ভর্তি সংক্রান্ত সময়সূচী ও বিস্তারিত তথ্য ৩য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকার সঙ্গে জানানো হবে	২৫/০৭/২০১৬

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্বেরা খানম)  
ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল  
সদস্য সচিব

স্নাতক (পাস)/প্রফেশনাল) ভর্তি পরীক্ষা পরিচালনা মূল কমিটি ২০১৫-২০১৬  
ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- [deanug@nubd.info](mailto:deanug@nubd.info)

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৫-২০১৬/১৪৫৮

তারিখ: ১০/০৭/২০১৬

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার  
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল  
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪